জীবননগরে নিখোঁজের চার দিন পর ব্যবসায়ী আবু সাঈদের লাশ উদ্ধার

জীবননগরে নিখোঁজের চার দিন পর আবু সাইদ (২৭) নামে এক ব্যবসায়ীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টার দিকে জীবননগর পৌর সভার ৮নং ওয়াডের বসুতিপাড়ায় কোরিয়ান প্রবাসী কবিরের নির্মাণাধীন ভবনের লিফটের বেসমেন্টে লাশটি দেখে স্থানীয় জনগণ জীবননগর থানা পুলিশ খবর দেয়।

নিহত আবু সাইদ জীবননগর হাইস্কুলপাড়ার আব্দুল রইচের ছোট ছেলে। নিহত আবু সাঈদ জীবননগর পৌর শহরের ইয়ান সু-স্টোরের মালিক।

স্থানীয় বাসিন্দারা জানান, সকালে প্রবাসী কবিরের নির্মাণাধীন সাততলা ভবনের লিফটের বেসমেন্ট থেকে পচা দুর্গন্ধ বের হচ্ছিল। পরে তারা সেখানে একটি লাশ দেখে পুলিশকে খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে এসে দুপুর ১টা ৩০মিনিটের দিকে লিফটের একটি অংশ ভেঙ্গে লাশ উদ্ধার করে পুলিশ হেফাজতে নিয়ে যান।

আবু সাঈদের বড় ভাই আবু হাসান বলেন, ‘আবু সাঈদ ২ এপ্রিল ভোরে মসজিদে ফজরের নামাজ আদায় করতে বাড়ি থেকে বের হয়েছিল। এরপর আর বাড়ি ফেরেনি। আমরা তাকে অনেক খোজাখুজি করেছি কিন্তু তার কোন সন্ধান পায়নি, এর একদিন পর আমার ভাইয়ের মোবাইল ফোন থেকে অজ্ঞাত এক ব্যক্তি আমার কাছে ফোন করে আমি তার পরিচয় জানতে চাইলে সে তার পরিচয় গোপন করে ফোনটি বন্ধ করে রাখে। পরে একটা ইন্টারনেট নম্বর থেকে এক ব্যক্তি ফোন করে বলেন, ১৫ হাজার টাকা দিলে আমার ভাইয়ের খোঁজ দেবেন। টাকা না দিলে তার খোঁজ পাওয়া যাবে না বলে আমাকে হুমকি প্রদান করে।

এ ঘটনার পর আমরা জীবননগর থানায় একটি সাধারন ডায়েরী করেছিলাম। আজ সকালে যখন শুনতে পারি বসুতি পাড়ার একটি বাড়ি থেকে অঙ্গাত একটি লাশ উদ্ধার হয়েছে। আমি সেখানে যেয়ে আমার ভায়ের পরনে লুঙ্গি ও গেঞ্জি দেখে চিনতে পারি যে এটা আমার ভায়ের লাশ । নিহত সাঈদের বাবা রইচ উদ্দিন লাশ দেখে দিশেহারা হয়ে পড়েন এবং যারা তার ছেলেকে

হত্যা করেছে তাদের ফাসির দাবি করেন।

এ বিষয়ে জানতে চাইলে জীবননগর থানার অফিসার ইনর্চাজ (ওসি) মো. নাসির উদ্দীন মৃধা বলেন, ‘লাশ উদ্ধারের পর পরিবারের সদস্যরা লাশটি শনাক্ত করেছেন।’ চুয়াডাঙ্গা সদর সার্কেলের সহকারী পুলিশ সুপার আনিসুজ্জামান বলেন, উদ্ধারকৃত লাশটি পানির মধ্যে থাকায় ‘লাশ পচে গেছে। লাশ ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা মগে পাঠানো হয়েছে । এ বিষয় নিয়ে পুলিশ মাঠে কাজ করছে আসল ঘটনা উদঘাটনের জন্য চেষ্ঠা করা হচ্ছে। এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছে পিবিআই, সিআইডি, র্যাব ও ডিবির সদস্যরা।

চুয়াডাঙ্গায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবসে র্যালি ও আলোচনা সভা

স্মার্ট বাংলাদেশ স্মার্ট ক্রীড়াঙ্গন শেখ হাসিনার দর্শন এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস। দিবসটি উপলক্ষে শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস পালিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থা যৌথভাবে এ দিবসটি পালন করে।

বৃহস্পতিবার (৬ এপ্রিল) সকাল সাড়ে দশটার টায় ‘স্মার্ট বাংলাদেশ, স্মার্ট ক্রীড়াঙ্গন, শেখ হাসিনার দর্শন’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বেলুন উড়িয়ে এ দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সেখান থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি জেলা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহ-সভাপতি চুয়াডাঙ্গা জেলা

ক্রীড়া সংস্থা মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, সুস্থ শরীর এবং সুন্দর মন তৈরি করতে হলে অবশ্যই আমাদের ক্রীড়া চর্চা এবং খেলাধুলা করতে হবে। সমাজে এখন মাদকের প্রভাব ব্যাপক। মাদকমুক্ত সমাজ গঠন করতে হলে ক্রীড়াঙ্গণকে বড় ভূমিকা রাখতে হবে। একজন ক্রীড়াবিদ ও সংগঠক মাদক থেকে দূরে থাকেন। কোন ক্রীড়াবিদ মাদক গ্রহন করতে পারে না। এ সময় তিনি সকলকে আহ্বান করে বলেন স্মার্ট বাংলাদেশ গঠন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন সোনার বাংলা বাস্তবায়ন করতে হলে অবশ্যই আমাদেরকে মাদকহীন সমাজ গড়ে তুলতে হবে।সেইসাথে মাদকমুক্ত সমাজ গড়তে হলে অবশ্যই আমাদেরকে খেলাধুলার চর্চা করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি)সাদাত হোসেন সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা, জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তা কর্মচারী, বিভিন্ন ক্রীড়া সংগঠনের নেতাকর্মী,ক্রীড়াবীদ ছাত্র-ছাত্রী বৃন্দ,ইলেকট্রনিক্স প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে প্রাথমিক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী সংবর্ধনা

জীবননগর উপজেলা শহরের দৌলৎগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ১৮জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায়

শিক্ষার্থীকে এ সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর পৌরসভা মেয়র মো. রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার মো. জালাল উদ্দিন। উপজেলা রিসোর্স কর্মকর্তা (ইন্সট্রাক্টর) মো. আনারুল ইসলাম।

সহকারী শিক্ষা অফিসার মো. মহিউদ্দিন, মো. আবু হাসান, জীবননগর পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর মো. আবুল কাশেম। সভাপতিত্ব করেন, বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আ.ফ.ম সালাহ উদ্দিন কবির। সঞ্চালনা করেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্য জহিরুল ইসলাম শিক্ষার্থী, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্যদের উপস্থিতিতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে।

বক্তব্য রাখেন অভিভাবকদের পক্ষে জীবননগর সরকারি আদর্শ মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক শরিফুল ইসলাম, জীবননগর ডিগ্রি কলেজের প্রভাষক আমিনুল ইসলাম তারেক। স্কুলের শ্রণি শিক্ষক যার অক্লান্ত পরিশ্রমে শিক্ষার্থীরা বৃত্তিপ্রাপ্ত হয়েছে নাসিমা খাতুন এবং বক্তব্য রাখেন বিশেষ অতিথিরা।

প্রধান অতিথি বলেন পৌর সভার প্রধান স্কুল হিসেবে মডেল স্কুলের সৌন্দর্য বর্ধনে তিনি সহযোগিতা করে বলে আশ্বাস দেন। এসময় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী রাফিয়া তাহসিন, শাফিয়া নওশীন শামা বক্তব্য রাখেন।

উল্লেখ্য চুয়াডাঙ্গা জেলায় দুটি স্কুল ১৮ টি প্রাথমিক বৃত্তি লাভ করে তন্মধ্যে দৌলৎগঞ্জ মডেল প্রাথমিক বিদ্যালয় ট্যালেন্টপুলে ৮ জন এবং সাধারণ গ্রেডে ১০ জন মোট ১৮ জন বৃত্তি পেয়েছে।

দর্শনায় ফেন্সিডিল সহ

সুলতানপুরের আনোয়ার গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ফেনসিডিল সহ আনোয়ার নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

এ ঘটনায় পুলিশ পলাতক দেখিয়ে ২ জনের বিরুদ্ধে দায়ের করেছে মামলা। গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই তাইফ্জ্জুামান, এসআই স্বপন কুমার সরকার, এসআই শামিম রেজা সহ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর গ্রামের সুলতানপুর গ্রামে।

এসময় গ্রামের উত্তরপাড়ার মৃত মুজাল সরদারের ছেলে রবির মুদি দোকানের সামনে পাকা রাস্তার হতে ৬০ বোতল ফেন্সিডিলসহ আনোয়ার হোসেন (৪৯) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন।

গ্রেফতার হওয়া মাদক ব্যবসায়ী সুলতানপুর গ্রামের উত্তরপাড়ার বাসিন্দা ও মৃত আনছার আলীর ছেলে। গ্রেফতারকৃত আসামী এবং পলাতক আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। সেই সাথে গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা কোট হাজতে প্রেরণ করেছে।

আলমডাঙ্গায় গাঁজা সেবনের অপরাধে ৪ যুবকের জেল-জরিমানা

আলমডাঙ্গায় প্রকাশ্যে গাঁজা সেবনের অপরাধে চার মাদকসেবীকে তিন মাস করে কারাদণ্ড ও একশত’ টাকা করে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার বেলা ১১ টায় পৌর এলাকার মহিলা কলেজ সংলগ্নে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এ দণ্ড দেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) দেবাশীষ।

।

দণ্ডপ্রাপ্তরা হলেন কামালপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে সুমন আলী (২৫),খোকন অধিকারীর ছেলে হৃদয় অধিকারী (১৯), মৃত সমসের মিয়ার ছেলে সুমন আলী (২১), সাইদ মোল্লার ছেলে আলামিন (২৫)।

থানা সূত্রে জানাযায়, আজ বুধবার বেলা সাড়ে ১০ টায় পৌর এলাকার মহিলা কলেজ সংলগ্নে যাত্রী ছাউনির নিচে চারজন যুবক প্রকাশ্যে গাঁজা সেবনকালে তাদের হাতে নাতে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করে পুলিশ। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাদের জেল-জরিমানা করা হয়।

দর্শনায় ৪ কোটি টাকা মৃল্যের ২২ টি স্বর্নের বারসহ বাংলা আটক

দর্শনায় ৫৮ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৪ কোটি টাকা মৃল্যের ২২ টি স্বর্নেন বারসহ দর্শনা মোবারকপাড়ার বাংলাকে আটক করেছে।

জানাযায় ৫ এপ্রিল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে অভিযান চালায় জীবনগর টু দর্শনা সড়কে। মহেশপুর ব্যাটালিয়ন ৫৮ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল মাসুদ পারভেজ রানা, এএফডব্লিউসি, পিএসসির নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল ক্রসিং এর পাশে।

এ সময় ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহল দল উথুলী এলাকায় এ্যাম্বুশ স্থাপন করে। মোটর সাইকলে আরোহী উথলী অতিক্রম করে দর্শনার দিকে রওনা দেয়। এ্যাম্বুশ দল পিছু ধাওয়া করে দর্শনা মোটরসাইকেলসহ দর্শনা পৌরসভার মোবারকপাড়ার রাজ্জাক খানের ছেলে সাঈদ খান বাংলাকে (৪৫) আটক করে। বিজিবি তার মটরসাইকেল তল্লাশি করে ২২ টি স্বর্নের বার উদ্ধার করে। যার আনুমানিক মৃল্য প্রায় ৪ কেটি টাকা।

আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের এবং স্বর্ণের বার চুয়াডাংগা ট্রেজারী অফিসে জমা দেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন।

বাজুসের সহ-সভাপতির দায়িত্ব পেলেন চুয়াডাঙ্গার রিপনুল হাসান

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের সহ সভাপতির দায়িত্ব পেলেন চুয়াডাঙ্গার কৃতি সন্তান মোঃ রিপনুল হাসান। গতকাল মঙ্গলবার বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের সভাপতি সায়েম সোবহান আনভীনের প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে তাকে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের আগামী দুই বছরের জন্য মোঃরিপনুল হাসান কে সহ-সভাপতির দায়িত্ব দেওয়া হয়।

এ সময় প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে তাকে প্রাণঢালা অভিনন্দন জানিয়ে তার উপর অর্পিত দায়িত্ব যথাযথ মর্যাদার সাথে পালন করার জন্য তাকে আহ্বান জানানো হয়।

এর আগে মোঃ রিপনুল হাসান বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের কার্যনির্বাহী সদস্য ছিলেন।

মোঃ রিপনুল হাসান বলেন,প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের নেতৃত্বে সারা বাংলাদেশে একটি শক্তিশালী সংগঠন হিসেবে রূপান্তরিত হয়েছে বাজুস।বাংলাদেশের সব ব্যবসায়ী মিলেমিশে ব্যবসা করুক এবং দেশের উন্নয়নে অবদান রাখুক। অসাধু ব্যবসায়ীদের কেউ যাতে আর স্বর্ণ চোরাকারবারি না বলতে পারে এবং তার উপর অর্পিত দায়িত্ব যথাযথ পালন করার জন্য দেশবাসীর কাছে তিনি দোয়া কামনা করেন।

দামুড়হুদা ও দর্শনা থানার নবাগত ওসি ও সংগীত শিল্পী ধীরু বাউলের সম্মাননা প্রদান

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম ও দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ সহ দেশবরেণ্য সংগীত বাউল শিল্পি সাংবাদিক মনিরুজ্জামান ধীরুকে সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭ টায় দর্শনা প্রেসক্লাব কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে এক মতবিনিময় সভায় সংক্ষিপ্ত বক্তব্যে নবাগত ওসি ফেরদৌস ওয়াহিদ ও সাইফুল ইসলাম বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। পুলিশ ও সাংবাদিক কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে সমাজ থেকে মাদক, সন্ত্রাস, ধর্ষণ, নারী নির্যাতন, বাল্যবিবাহ, চাঁদাবাজিসহ সব অপরাধ কমে যাবে।

দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের সঞ্চালনা আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা থানার পরিদর্শক (তদন্ত) এসএম আমানউল্লাহ, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ওসমান আলী, সাংবাদিক সমিতির সভাপতি ও প্রেসক্লাবের সাবেক সভাপতি এবং বাউল হার্ট টমটেন তারকা দেশ বরণ্য কণ্ঠশিল্পি মনিরুজ্জামান ধীরু, প্রেসক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সহসভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, এফএ আলমঙ্গীর, মনিরুজ্জামান সুমন, মাহমুদ হাসান রনি, ওয়াসিম রয়েল, হাসমত আলী, আব্দুল হান্নান, সুকুমল চন্দ্র বাঁধন, ইয়াছিন, ইমতিয়াজ রয়েল।

দামুড়হুদায় কুড়ুলগাছি ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন ইউএনও

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

আজ মঙ্গলবার বেলা ১২টার দিকে তিনি ভূমি অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা এ সময় তিনি ভূমি অফিসে আগত সেবা প্রত্যাশীদের সাথে কথা বলেন এবং তাদের খোঁজখবর নেন।

তিনি বলেন, সরকার ভূমিসেবা খাতে ব্যাপক উন্নয়ন করছে। ভূমিসেবা নিতে এসে সাধারণ জনগণ যাতে হয়রানি ও ভোগান্তির স্বীকার না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য ইউনিয়ন ভূমি কর্মকর্তাদের প্রতি সঠিক দিকনির্দেশনা প্রদান করেন।

কার্পাসডাঙ্গা কাঁচা বাজারে সিসি রাস্তার ঢালায় কাজের উদ্বোধন

দামুডহুদার কার্পাসডাঙ্গা বাজারের রাস্তা ঢালায় কাজের উদ্বোধন করা হয়েছে। কাচাঁবাজার থেকে সাইকেল বাজারের অভিমুখে ১২০ মিটার রাস্তার সিসি ঢালায় কাজের উদ্বোধন করেন।

আজ মঙ্গলবার সকাল ১০টার সময় হাট-বাজার উন্নয়ন প্রকল্পের(আর এফ কিউ) অর্থায়নে ৪ লাখ টাকা ব্যায়ে ১২০মিটার রাস্তার উদ্বোধন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম বিশ্বাস করা হয়।

এসময় আরো উপস্হিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ: লীগের যুগ্ন সম্পাদক আ:সালাম বিশ্বাস সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল মোখলেছুর রহমান রিপন কার্পাসডাঙ্গা আলিয়া মাদ্রাসার সাবেক

প্রধান শিক্ষক গোলাম ইউসুফ,দামুড়হুদা উপ প্রকোশলী আক্তারুজ্জামান, দামুড়হুদা উপজেলা কার্য্য সহকারী রোকন শিকদার, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল, সাধারন সম্পাদক মোস্তাফিজ কচি, প্রচার সম্পাদক শফিকুল ইসলাম, ঠিকাদার টিপু সুলতান সহ স্থানীয় ব্যবসায়ীবৃন্দ।